14 JAN 2017

# শিক্ষায় বাংলাদেশ বিশ্বের কাছে রোল মডেল : শিক্ষামন্ত্রী

■ গোলাপগঞ্জ (সিলেট) প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বের কাছে এখন রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছে। আমাদের নতুন প্রজন্মের ছেলেমেয়েরা যাতে প্রতিটি ক্ষেত্রে চ্যালেঞ্জের সঙ্গে কাজ করার যোগ্যতা অর্জন করতে পারে, সে লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। গতকাল শুক্রবার সিলেটের গোলাপগঞ্জ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ে দুইতলা নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এরপর বিকেলে ঢাকা দক্ষিণ ইউনিয়ন ডাকবাংলোয় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৬টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও গোলাপগঞ্জ উপজেলার দলিত জনগোষ্ঠীর মধ্যে সিএনজিচালিত অটোরিকশা বিতরণ করেন মন্ত্রী। এ সময় তিনি বলেন, ২০২১ সালের মধ্যে দেশে অর্থনৈতিক মুক্তিসহ নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে সরকার কাজ করে যাচ্ছে। তথ্যপ্রযুক্তির যুগে দেশের শিক্ষা ব্যবস্থা বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাচ্ছে।

সিলেট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. নুরুল ইসলামের সভাপতিত্বে ও ঢাকা দক্ষিণ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. শাহাব উদ্দিন আহমদের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন– গোলাপগঞ্জ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. মাহবুবুল আলম, আওয়ামী লীগ নেতা এনামুল হক রুহেল প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগের সহসভাপতি আমির উদ্দিন চৌধুরী ছাদেক, গোলাপগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলতাফ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ডা. আবদুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক ছালিক আহমদ, উপজেলা আওয়ামী লীগ নেতা আবদুল ওয়াদুদ, ঢাকা দক্ষিণ ডিগ্রি কলেজের অধ্যক্ষ অনুরঞ্জন দাস, ঢাকা দক্ষিণ উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ রেজাউল আমীন, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগ সদস্য জামিল আহমদ, জেলা আওয়ামী লীগ সদস্য সৈয়দ মিছবাহ উদ্দিন, গোলাপগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ইউনুছ আহমদ চৌধুরী, সাবেক সভাপতি অজামিল চন্দ্র নাথ প্রমুখ।